

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইডেন মহিলা কলেজ, ঢাকা।


“বিজ্ঞপ্তি”

তারিখ: ০৫/০১/২০১৭খ্রি:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন উপলক্ষ্যে আগামী ১২ জানুয়ারী, ২০১৭ বৃহস্পতিবার সকাল ১০.০০ টায় শাহবাগস্থ জাতীয় যাদুঘরের সম্মুখ থেকে বাংলা একাডেমী ও দোয়েল চত্বর হয়ে কেন্দ্রীয় শহীদ মিনার পর্যন্ত ছাত্র-শিক্ষকদের নিয়ে এক ‘আনন্দ শোভাযাত্রা’ অনুষ্ঠিত হবে। এতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী জনাব নুরুল ইসলাম নাহিদ এমপি ও ইউজিসি’র মাননীয় চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান অংশগ্রহণ ও নেতৃত্বদানে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত আনন্দ শোভাযাত্রায় অংশগ্রহণের জন্য প্রত্যেক বিভাগ থেকে ১০(দশ) জন করে ছাত্রীদের নাম ও ০১(এক) জন শিক্ষক এর নামের তালিকা আগামী ০৯/০১/২০১৭ তারিখ বেলা ২.০০ টার মধ্যে উপাধ্যক্ষ প্রফেসর ড. শামসুন নাহার এর নিকট জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট সম্মানিত বিভাগীয় প্রধানদের অনুরোধ করা যাচ্ছে।

উল্লেখ্য যে, যাতায়াতের ব্যবস্থা করা হবে এবং সকাল ৮.৩০ ঘটিকায় কড়ই তলা হতে বাস ছেড়ে যাবে।

বিঃদ্র:-মনোনীত ছাত্রী ও শিক্ষকদের উপস্থিতি বাধ্যতামূলক এবং ছাত্রীদের স্ব-স্ব বিভাগের শাড়ী পরতে হবে।


(প্রফেসর গায়ত্রী চ্যাটার্জী)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

বিতরণ:-

- ১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
 - ২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
 - ৩। আহ্বায়ক, কলেজ ওয়েবসাইট পরিচালনা/তদারকি কমিটি।
- *বিজ্ঞপ্তিটি কলেজ ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।